



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/9/2022

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থানের সুযোগ উন্নত করতে এবং চাকরি প্রার্থীদের নতুন গুরুত্বপূর্ণ সুযোগ কাজে লাগাতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

আইনটি (A.8458A/S.6803A) শ্রম বিভাগকে নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংকের প্রচারণার জন্য একটি জনসচেতনতামূলক ক্যাম্পেইন তৈরির অনুমোদন দিচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ একটি আইন স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থানের সুযোগ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করবে। আইনটি (A.8458A/S.6803A) নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগকে (Department of Labor) একটি জনসচেতনতামূলক ক্যাম্পেইন তৈরির অনুমোদন প্রদান করবে যা [নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংকের](#) প্রচারণার জন্য কাজ করবে। নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংক হচ্ছে চাকরি প্রার্থীদের সঙ্গে সব শিল্পখাতের প্রায় 250,000 এরও বেশি কর্মসংস্থানের সংযোগ ঘটিয়ে দেওয়ার জন্য NYSDOL কর্তৃক পরিচালিত একটি অনলাইন সংস্থান।

"মেধাবী চাকরি প্রার্থীদের সাথে অর্থপূর্ণ কর্মসংস্থানের সংযোগ করিয়ে দেওয়ার জন্য নিউ ইয়র্কবাসীদের হাতের নাগালেই একটি বিশ্বমানের হাতিয়ার রয়েছে, এবং এই বিলের পৃষ্ঠপোষকদের কল্যাণে, আইনটি এই বিষয় নিয়ে প্রচারণা চালাতে আমাদেরকে সাহায্য করবে," বলেছেন গভর্নর হোকল। "আমি নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংক ব্যবহার করেনি এমন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে অন্য নিয়োগকর্তাদের সঙ্গে যোগ দেওয়ার জন্য উৎসাহিত করছি যারা হাজার হাজার প্রার্থীর দেখার জন্য তাদের প্রদত্ত কর্মসংস্থান সম্পর্কে পোস্ট করেছেন।"

আইনটি (A.8458A/S.6803A) নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগকে নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংকের প্রচারণার জন্য একটি জনসচেতনতামূলক ক্যাম্পেইন তৈরি করার অনুমোদন প্রদান করবে, যা চাকরি সন্ধানকারীদেরকে নিয়োগকর্তাদের সঙ্গে আরো ভালোভাবে সংযোগ করিয়ে দেবে। এই জনসচেতনতামূলক ক্যাম্পেইন বিভিন্ন মাধ্যমে, যেমন ইন্টারনেট, রেডিও, বিলবোর্ড, ও আরো অনেক কিছুর মাধ্যমে পরিচালনা করা হবে। এছাড়াও এতে NYSDOL-এর জন্য ক্যাম্পেইন চলাকালীন সময়ে গৃহীত পদক্ষেপগুলো সম্পর্কে এবং ভবিষ্যতে জনসচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনার জন্য শনাক্ত করা প্রয়োজনগুলো সম্পর্কে গভর্নর ও আইনসভার কাছে রিপোর্ট জমা দেওয়া আবশ্যিক করা হয়েছে। এই সাম্প্রতিক উদ্যোগ নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পছন্দের ক্যারিয়ার খুঁজে নিতে সাহায্য করার জন্য NYSDOL-এর চলমান প্রচেষ্টার

পরিপূরক, যার মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে অব্যাহত প্রচারণা, নিউজলেটার, এবং স্টেটজুড়ে চাকরি প্রার্থীদের কাছে সরাসরি ইমেইল/টেক্সট মেসেজ পাঠানো অন্তর্ভুক্ত রয়েছে।

জব ব্যাংক ওয়েবসাইটে ভিজিট করার মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা স্থান, চাকরির পদবি, ও কোম্পানির নাম অনুযায়ী 250,000 এরও বেশি উন্মুক্ত চাকরির সুযোগ ব্রাউজ করে দেখতে পারবেন। চাকরি প্রার্থী ব্যক্তিদেরকে তাদের ভবিষ্যত পরিকল্পনা সাজানো, গোছানোভাবে চাকরি খোঁজা, জীবনবৃত্তান্ত তৈরি, ও ক্যারিয়ার অন্বেষণে সাহায্য করার জন্য চাকরি সন্ধান ও ক্যারিয়ার বিকাশের বাড়তি কিছু টুলস তৈরি করা হয়েছে।

সব আকারের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে লভ্য পদগুলো তালিকাভুক্ত করার জন্য এই **বিনামূল্যের অনলাইন পরিষেবা** কাজে লাগাতে উৎসাহিত করা হচ্ছে, যা নিউ ইয়র্কের হাজার হাজার উচ্চ যোগ্যতাসম্পন্ন চাকরি প্রার্থী দেখতে পাবে।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "গভর্নর হোকল নিউ ইয়র্কের কর্মীবাহিনীর জন্য একজন চ্যাম্পিয়ন হিসেবে ভূমিকা রাখা অব্যাহত রাখায় আমি তাকে ধন্যবাদ জানাই। আমি নতুন ক্যারিয়ার গঠনে প্রত্যাশী নিউ ইয়র্কবাসীদেরকে এই নজিরবিহীন সুযোগের মুহূর্তটি কাজে লাগানোর জন্য উৎসাহিত করছি। স্টেটজুড়ে অর্থনৈতিক ব্যবস্থায় লভ্য থাকা এত বেশি শূন্য পদের মধ্য থেকে আমরা আপনাকে আপনার পছন্দের একটি ক্যারিয়ার খুঁজে নিতে সাহায্য করতে পারবো।"

স্টেট সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "নিউ ইয়র্ক স্টেট চাকরি প্রার্থীদেরকে একটি নতুন ক্যারিয়ার খুঁজে নিতে সাহায্য করার জন্য, এবং নিয়োগকর্তাদেরকে চমৎকার মেধাবীদের খুঁজে নিতে সাহায্য করার জন্য অসাধারণ সংস্থানসমূহ প্রদান করছে, কিন্তু দুর্ভাগ্যবশত সবাই সেগুলো সম্পর্কে সচেতন নয়। স্টেট জব ব্যাংক সম্পর্কে প্রচারণা চালানোর মাধ্যমে, আমরা আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে নতুন সুযোগের সন্ধান পেতে এবং অর্থপূর্ণ কর্মসংস্থান খুঁজে নিতে সাহায্য করতে পারবো, এবং এই কাজটি করতে সাহায্যকারী বিলটির পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত। এই বিল নিয়ে অ্যাসেম্বলি সদস্য স্ট্রাইপের সঙ্গে আমার অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ, এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করতে গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য আল স্ট্রাইপ বলেন, "গত দুইটি বছর আমাদের স্টেটের ব্যবসা প্রতিষ্ঠানগুলো ও চাকরি প্রার্থীদের জন্য অত্যন্ত চ্যালেঞ্জিং ছিল। আমাদের দীর্ঘমেয়াদী অর্থনৈতিক পুনরুদ্ধারকে শক্তিশালী করতে সাহায্য করার জন্য, NYS-এর শ্রম বিভাগের জন্য নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংক-কেন্দ্রিক একটি অন্তর্ভুক্তিমূলক, বহুস্তরভিত্তিক প্রচারণা ক্যাম্পেইন প্রতিষ্ঠা করা আবশ্যিক করে দেওয়া এই বিলটির পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত। ওয়েবসাইটটি কর্মসংস্থানের সাথে সম্পর্কিত সব বিষয়, যেমন নিয়োগের সুযোগ, ক্যারিয়ার নিয়ে পরিকল্পনা, সুনির্দিষ্টভাবে ভেটেরানদের জন্য নির্ধারিত সংস্থানসমূহ এবং বেকারত্ব সহায়তার জন্য একটি হাব হিসেবে কাজ করে। এই আইন ব্যবসা প্রতিষ্ঠানগুলো ও সম্ভাব্য কর্মচারীদের মধ্যকার সংযোগকে প্রাণবন্ত করে তুলতে সাহায্য করবে। এই বিল স্বাক্ষর করে আইনে পরিণত

করায় এবং আমাদের পুনরুদ্ধারের এই সময়ে আমাদের স্টেটের কর্মীদের প্রতি তার অবিচল সমর্থনের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418